দৈনিক
ইত্তেফাক

দৈনিক
ইত্তেফাক

তারিখ ........
পৃষ্ঠা 9 18 MAY 2003

শিক্ষা অফিস-শিক্ষক দ্বন্দ্ব

# মির্জাপুরে ৪০ হাজার স্কুল শিক্ষার্থীর ১ম সাময়ি০০ পরীক্ষা বাতিল

মির্জাপুর (টাঙ্গাইল) থেকে সংবাদদাতা ঃ উপজেলা শিক্ষা অফিসার এবং শিক্ষক সমিতি ও শিক্ষকদের দ্বন্দ্বে গতকাল শনিবার থেকে ৪০ হাজার ছাত্র-ছাত্রীর নির্ধারিত ১ম সাময়িক পরীক্ষা বাতিল ঘোষণা করা হয়েছে। পরীক্ষা বাতিল হওয়াতে ছাত্র-ছাত্রী ও অভিভাবক এবং সাধারণ শিক্ষকদের মধ্যে তীব্র প্রতিক্রিয়া দেখা দিয়েছে। গতকাল বিকালে উপজেলা নির্বাহী কর্মকর্তার কক্ষে শিক্ষা কমিটির সদস্যদের সমন্বয়ে এক জরুরী সভায় উপজেলার ১৫৯টি বিদ্যালয়ের ৪০ হাজার ছাত্র-ছাত্রীর ১ম সাময়িক পরীক্ষা আগামী ২১ মে থেকে ২৪ মে'র মধ্যে অনুষ্ঠিত হবে এমন সিদ্ধান্ত হয়েছে বলে জানা গেছে।